বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

# প্রজ্ঞাপন

তারিখঃ ২৫ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ/ ০৯ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ

১৭.০০.০০০০.০৪৫.৩৬.০০২.২০-৩৬৩।-The Representation of the People Order, 1972 (P.O. No. 155 of 1972) এর Article 89A-তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে গত ১২ অক্টোবর, ২০২০ খ্রিঃ তারিখের নং-১০.০০.০০০০.১২৫.২৫.০০৮.১৮.৩৯৯ স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত Order এর Article 89A তে উল্লিখিত Article 73(2B), Article 74(2A), (3), (4), (5), (6), Article 78, Article 79, Article 80, Article 81(1) এবং Article 82 এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচারের নিমিত্ত নিম্ন তফসিলের ৩নং কলামে বর্ণিত নির্বাচনি এলাকার জন্য ৪নং কলামে বর্ণিত বিচার বিভাগীয় কর্মকর্তাকে ভোটগ্রহণের পূর্বের দু'দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু'দিন অর্থাৎ ১০ নভেম্বর, ২০২০ খ্রিঃ হতে ১৪ নভেম্বর, ২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করলঃ

**"তফসিল"**

| ক্রমিক নং | নির্বাচনি এলাকার নম্বর ও নাম | নির্বাচনি এলাকার বিস্তৃতি | কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | ৬২ সিরাজগঞ্জ-১ | (ক) কাজিপুর উপজেলা | জনাব মোঃ আসাদুজ্জামান<br>জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ |
| ০২ | | (খ) সিরাজগঞ্জ সদর উপজেলার নিম্নলিখিত ইউনিয়নসমূহ:- (১) মেছড়া (২) রতনকান্দি (৩) বাগবাটি (৪) ছোনগাছা ও (৫) বহুলী | বেগম জেসমিন আরা জাহান<br>সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ |
| ০৩ | ১৯১ ঢাকা-১৮ | (ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়ার্ড নং- ১৭, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭ ও ৪৮ | জনাব মোঃ মাসুদ-উর-রহমান<br>মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ঢাকা |
| ০৪ | | (ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়ার্ড নং-০১, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪ ও বিমানবন্দর এলাকা | জনাব মোহাম্মদ জসিম<br>মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ঢাকা |

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকল-কে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোন নির্বাচনি অপরাধসমূহ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব (আইন) এর web mail address (ds_law@ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

**ছক**

নির্বাচনি এলাকাঃ

| ক্রম | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর | অভিযোগকারীর নাম ও ঠিকানা | যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা | অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ | অভিযোগের বিষয়ে গৃহিত ব্যবস্থার বিবরণ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হল।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১(এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্বপালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ কমিশনার/পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.go

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

(আফরোজা শিউলী)
উপসচিব (আইন)
ফোনঃ ০২-৫৫০০৭৫৩৬

প্রাপক : উপ-পরিচালক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজি প্রেস)
তেজঁগাও, ঢাকা

অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করতঃ মুদ্রিত গেজেটের ১০০(একশত) কপি সরকারী কাজে ব্যবহারের নিমিত্ত নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

১৭.০০.০০০০.০৪৫.৩৬.০০২.২০-৩৬৩ তারিখঃ ২৫ অক্টোবর, ২০২০ খ্রিঃ

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, ............................মন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট)/মহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ
০৩। সচিব, .................................... মন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট)
০৪। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা
০৫। জেলা ও দায়রা জজ, ..........(সংশ্লিষ্ট)
০৬। মহা-পরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাব/কোস্ট গার্ড,............(সংশ্লিষ্ট)
০৭। বিভাগীয় কমিশনার,...........(সংশ্লিষ্ট)
০৮। পুলিশ কমিশনার,............(সংশ্লিষ্ট)
০৯। যুগ্ম-সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০। উপ-মহাপুলিশ পরিদর্শক,............(সংশ্লিষ্ট)
১১। জেলা প্রশাসক,............(সংশ্লিষ্ট)
১২। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,............(সংশ্লিষ্ট)
১২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,............(সংশ্লিষ্ট)
১৫। পুলিশ সুপার,............(সংশ্লিষ্ট)
১৪। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৭। আঞ্চলিক নির্বাচন কমর্কর্তা,............(সংশ্লিষ্ট)
১৮। রিটার্নিং অফিসার,............(সংশ্লিষ্ট) নির্বাচনি এলাকা
১৯। উপ-সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০। জনাব .....................................................
২১। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, সংশ্লিষ্ট [জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল]
২২। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,................(সংশ্লিষ্ট)
২৪। সহকারী রিটার্নিং অফিসার,............(সংশ্লিষ্ট) নির্বাচনি এলাকা
২৩। উপজেলা নির্বাহী অফিসার,..................(সংশ্লিষ্ট)
২৫। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (নি:ব্য:ও স:১)/(বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৬। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭। মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
২৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩০। উপজেলা নির্বাচন অফিসার/ থানা নির্বাচন অফিসার,................ (সংশ্লিষ্ট)
২৯। অফিসার ইনচার্জ,............................(সংশ্লিষ্ট)
৩১। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৫/১০/২০২০
(মোঃ আবু ইব্রাহিম)
সিনিয়র সহকারী সচিব (আইন-১)
ফোনঃ ০২-৫৫০০৭৫৪৩